



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/গাজীপুর-৩১/ ৭৪২৪

তারিখঃ ০৬ .০৯.২০২০খিঃ

বিষয়ঃ অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার সদর উপজেলাধীন পূর্ব ধীরাশ্রম ডা: বাখর উদ্দিন ইসলামিয়া দাখিল মাদ্রাসার বরখাস্তকৃত সুপার এ বি এম শামছুল আলম দুটি অভিযোগ এবং মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৪৩০৫/২০১৯, দেওয়ানী মোকদ্দমা নং- ২৮২/২০১৯ এবং ২১৩/২০১৯ মামলার কাগজপত্র দাখিল করেন। রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বরখাস্তকৃত সুপার এ বি এম শামছুল আলমকে স্বপদে বহাল করার বিষয়ে রায় দেন। কিন্তু ম্যানেজিং কমিটি কর্তৃক উক্ত রায় বাস্তবায়ন না করে একজন শিক্ষককে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান করা হয়। ভারপ্রাপ্ত সুপার যেন বেতন-ভাতাসহ নিয়মিত অথবা এডহক কমিটি গঠন করতে না পারে সে বিষয়ের উপর অস্থায়ী নিষেধাজ্ঞা জারির জন্য উক্ত সুপার সিনিয়র সহকারী জজ আদালত, গাজীপুরে দেওয়ানী মোকদ্দমা নং-২৮২/১৯ দায়ের করেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় মাদ্রাসা পরিচালনা ও শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের স্বার্থে অভিযোগসহ সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ... (১০/১০) পাতা

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জেলা প্রশাসক
গাজীপুর।

নং-বামাশিবো/প্রশাসন/গাজীপুর-৩১/ ৭৪২৪

তারিখঃ ০৬ .০৯.২০২০খিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, গাজীপুর;
২. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, গাজীপুর;
৪. ভারপ্রাপ্ত সুপার, পূর্ব ধীরাশ্রম ডা: বাখর উদ্দিন ইসলামিয়া দাখিল মাদ্রাসা, সদর, গাজীপুর;
৫. জনাব এ বি এম শামছুল আলম, সুপার (বরখাস্তকৃত), পূর্ব ধীরাশ্রম ডা: বাখর উদ্দিন ইসলামিয়া দাখিল মাদ্রাসা, সদর, গাজীপুর;
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪